ভোরের কাগজ

তারিখ ... AUG 10 1999 ...
পৃষ্ঠা ৭ ... কলাম 2

58

# স্নাতক পাস পরীক্ষার স্থগিত ফলাফল ২০ আগস্টের মধ্যে ঘোষণা করা হবে

গাইবান্ধা প্রতিনিধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি (পাস) পরীক্ষায় যে সব পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে সেগুলো আগামী ২০ আগস্টের মধ্যে ঘোষণা করা হবে বলে জানা গেছে। কোনো কোনো প্রধান পরীক্ষক সময়মতো নম্বর না পাঠানোয় এ সমস্যা দেখা দিয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সম্প্রতি ঘোষিত গাইবান্ধা জেলার বিভিন্ন কলেজের শত শত পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে। ফলে এসকল পরীক্ষার্থী মানসিকভাবে বিধ্বস্ত হয়ে পড়েছে।

জানা যায়, গাইবান্ধা সরকারি কলেজের ১২৪ জন, সাদুল্যাপুর কলেজের ১৪২ জন এবং সুন্দরগঞ্জ কলেজের ২ শতাধিক পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে। নলডাঙ্গা কলেজের বিএ পরীক্ষায় মোট ২৫৩ জন এবং গাইবান্ধা আদর্শ কলেজের বিএসএস-এর গোটা ফলাফলই আসেনি। অন্য কলেজগুলোতেও অনুরূপ ঘটনা ঘটেছে বলে জানা গেছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাধিক কলেজের পক্ষ থেকে এ ব্যাপারে যোগাযোগ করলে জানানো হয় আগামী ২০ আগস্টের মধ্যে স্থগিত ফলাফল ঘোষণা এবং ভুল সংশোধনি করা হবে। যথাসময়ে অনেক প্রধান পরীক্ষক নম্বর না পাঠানোয় এবং পূর্বনির্ধারিত তারিখে ফল ঘোষণা করায় অনেক পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হয়েছে।